

প্রেস রিলিজ

তারিখ : ১৭ মার্চ, ২০২৪

বাউবিতে বঙ্গবন্ধুর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবসে চিত্রাংকন ও সাধারণ জ্ঞান প্রতিযোগিতা

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি কর্তৃক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ১০৪ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে ১৭ মার্চ ২০২৪ রবিবার বাউবির গাজীপুরস্থ বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব সম্মেলন ও প্রশিক্ষণ কেন্দ্রে শিশুদের চিত্রাংকন ও সাধারণ জ্ঞান প্রতিযোগিতার আয়োজন করা হয়। বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণের ছেলে-মেয়ে এবং বাউবি ল্যাবরেটরি স্কুল ও স্থানীয় স্কুলের ছাত্র-ছাত্রীদের নিয়ে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।



প্রতিযোগিতায় বিভিন্ন স্কুলের প্রায় দুই শতাধিক প্রতিযোগী অংশগ্রহণ করে। এর মধ্যে চিত্রাংকনে ৬০ জন ও সাধারণ জ্ঞান প্রতিযোগিতায় ১৪০ জন অংশগ্রহণ করে। বিজয়ীদের মধ্যে চিত্রাংকন প্রতিযোগিতায় ক. গ্রুপে প্রথম অ্যারোন অভিয়ান বাডুই, দ্বিতীয় শবনম সুলতানা, তৃতীয় আয়াত ইসলাম, খ. গ্রুপে প্রথম ফাতিহা সুলতানা জেনি, দ্বিতীয় হারিস সরকার হুমাইদ, তৃতীয় পুরস্কার পেয়েছে মনুয়া দে। সাধারণ জ্ঞান প্রতিযোগিতায় গ. গ্রুপে প্রথম সাবিহা জাহান, দ্বিতীয় শ্রেয়ান মন্ডল, তৃতীয় মিশকাত জাহান ইলমা, ঘ. গ্রুপে প্রথম ইয়াসমিন, দ্বিতীয় আঁখি আক্তার, তৃতীয় শাহনুর বুমা এবং ঙ. গ্রুপে প্রথম জারা হোসেন, দ্বিতীয় জান্নাতুল ফেরদৌস উর্মি ও তৃতীয় পুরস্কার পেয়েছে নুসরাত জাহান দিশা।

বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন অধ্যাপক মো: আনোয়ারুল ইসলাম, অধ্যাপক ড. ইকবাল হুসাইন, ও শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ড. মোঃ শহীদুর রহমান। এ সময় সহযোগী অধ্যাপক আ.ন.ম. তোফায়েল আহমেদ, ড. মোঃ আরিফ উজ্জামান, প্রভাষক মোঃ মাসুদ রানা ও মাহমুদুল হাসান তুহিন উপস্থিত ছিলেন।

ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন
পরিচালক (ভারপ্রাপ্ত)

বাউবির দীক্ষা: সবারজন্য উন্মুক্ত কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপীশিক্ষা